REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

**বিজ্ঞাপনদাতাগণের জ্ঞাতব্য নিয়মাবলী।**

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপন প্রকাশ করিতে হইলে এক সপ্তাহের জন্য প্রতি লাইন।০ আনা হিসাবে এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা হিসাবে তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা হিসাবে ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা হিসাবে এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে

বড় বড় বিজ্ঞাপনের দর কার্য্যালয়ে আসিয়া বা পত্র লিখিয়া বন্দোবস্ত করিতে হইবে। ব্লক বিজ্ঞাপন দাতাকে নিজে দিতে হইবে। বিজ্ঞাপনের মূল্য অগ্রিম দেয়। কিন্তু পরিচিত বিজ্ঞাপন দাতাগণের নিকট পরেও বিল করিয়া মূল্য আদায় করা হইয়া থাকে।

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের বার্ষিক মূল্য ২৲ টাকা। প্রতি সংখ্যার নগদ মূল্য ৴১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যিনি যে সময় হইতে গ্রাহক মূল্য প্রদান করিবেন পর বৎসর সেই সময় পর্য্যন্ত এক বৎসর জঙ্গিপুর সংবাদ পাইবেন। তাঁহার মূল্য শেষ হইলে পত্র দ্বারা জ্ঞাত করা যাইবে। যিনি যে সংখ্যায় প্রবন্ধ বা সংবাদ প্রেরণ করিবেন তাঁহাকে সেই সংখ্যা বিনা মূল্যে দেওয়া যাইবে।

যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার, ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় আমার নামে পাঠাইতে হইবে।

শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৬ষ্ঠ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২৮এ আশ্বিন বুধবার ১৩২৬ ইংরাজী 15th October 1919. | ১৭শ সংখ্যা।




সর্ব্বগুণে বিশ্ববিজয়া—

## কেশরঞ্জন তৈল।

আমাদের কেশরঞ্জন তৈল।

গুণে বিশ্ববিজয়ী, ও প্রতিদ্বন্দ্বী-বিহীন। এই কেশতৈল-প্লাবিত বঙ্গভূমে—বহুদিন হইতেই আমাদের কেশরঞ্জন একাধিপত্য করিয়া আসিতেছে। শ্রেষ্ঠগুণই ইহার কারণ।

আমাদের কেশরঞ্জন তৈল।

প্রত্যেক প্রতিভাসম্পন্ন লোক, ইহাকে তাঁহাদের চিন্তাশীলতার ও মস্তিষ্ক-আলোচনার সহায় বলিয়া ভাবেন। এই জন্য জজ, ম্যাজিষ্ট্রেট, ব্যারিষ্টার উকীল, বিশ্ববিদ্যালয়ের ছাত্র সকলেই ইহার অনুরক্ত ভক্ত।

আমাদের কেশরঞ্জন তৈল।

মহিলাকুলের সোহাগের অনুরাগ। কেশরঞ্জন বর-বপুতে লেপন করিতে পারিলে, কেশরঞ্জন সিক্ত করিয়া বেণী বন্ধন করিতে পারিলে, তাঁহারা কৃতার্থম্মন্য হয়েন।

আমাদের কেশরঞ্জন তৈল।

কেশ বৃদ্ধি করিতে, কেশের মসৃণতা সম্পাদনে, কেশস্খলন (টাক) নিবারণে, কেশের শত্রু মরামাস ও খুস্কি নিবারণে এবং অঙ্গের লাবণ্য ও মুখের সৌন্দর্য্য বৃদ্ধিতে অতুলনীয়।

এক শিশি ১৲ এক টাকা; মাশুলাদি ৵০ ছয় আনা। তিন শিশি ২।০ দুই টাকা চারি আনা; মাশুলাদি ৸০ বার আনা। ডজন ৯৲ নয় টাকা মাশুলাদি স্বতন্ত্র।

### অশোকারিষ্টের স্বল্প পরিচয়।

অশোকারিষ্ট ঋষিদের উর্ব্বর মস্তিষ্কজাত—রমণী কল্যাণকর মহাবিষ্টি। স্ত্রীস্বভাবসুলভ ব্যাধিসমূহে ইহার কার্য্যকরীশক্তি অসীম। অনেক সঙ্কটক্ষেত্রে অথবা চিকিৎসক পরিত্যক্ত রোগীকে, ইহা শান্তি-সুখময় আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্ট" রমণীরক্ষক হয়—রমণীর রোগ বিদূরিত হয়—আর বন্ধ্যা রমণী বন্ধ্যাত্বের দারুণ নিরাশা-বন্ধন হইতে চিরবিমুক্ত হয়। "অশোকারিষ্ট" ব্যবস্থা করিয়া আমরা অনেক সম্ভ্রান্ত কুল-মহিলাকে কৃচ্ছ্রসাধ্য রমণী সুলভ সংঘাতক ব্যাধির কবল হইতে বিমুক্ত করিয়াছি। বাঙ্গালীর শান্তিময় সংসারের লক্ষ্মীরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটী পবিত্র ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে তাঁহাদের রোগসংবাদ শ্রবণ মাত্রেই "অশোকারিষ্ট" লইয়া ব্যবহার করিতে দিন।

মূল্য প্রতি শিশি ... ১৷০ দেড় টাকা।
প্যাকিং ও ডাকমাশুল ... ৷৵০ নয় আনা।

### হতাশের আশার কথা—বিনামূল্যে ব্যবস্থা।

মফঃস্বলের রোগিগণের অবস্থা অর্দ্ধ আনার টিকিটসহ আনুপূর্ব্বিক লিখিয়া পাঠাইলে, আমি স্বহং ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈল, ঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুদ্রব্যাদি, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়।

গবর্ণমেণ্ট মেডিক্যাল ডিপ্লোমাপ্রাপ্ত, প্যারিস কেমিক্যাল সোসাইটী, লণ্ডন সার্জ্জিক্যাল এড্ সোসাইটী, ও লণ্ডন সোসাইটী অব্ কেমিক্যাল ইণ্ডাষ্ট্রীর সভ্য,

**শ্রীযুক্ত নগেন্দ্রনাথ সেনগুপ্ত কবিরাজের**

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড, কলিকাতা

# হিলিংবাম

নূতন ও পুরাতন মেহ এবং ধাতু দৌর্ব্বল্যের মহৌষধ।

১ মাত্রায় পরিচয়! এক দিবসে জ্বালাক্ষয়!! এক সপ্তাহে নিরাময়!!!

মেহের জড় "গণোকোকাই" জড় নষ্ট না হইলে রোগ সারে না। হিলিংবাম এ জড়-নষ্টকর উপাদানে প্রস্তুত, সেই জন্য ক্ষেবল মাত্র ইহাই মেহের মহৌষধ। মেহ রোগ আজ কাল শতকরা ৯৫ জনের হয়। কিন্তু এই রোগ-রাক্ষসের সমুচিত ঔষধ "হিলিংবাম"। আর বাজে ঔষধ সেবন করিয়া শক্তি অর্থ ও সামর্থ্য নষ্ট করিবেন না। আমাদের ঔষধ ২৪ বৎসরের অধিক পুরাতন।

আজ কাল ভাল ঔষধের 'জেল' হইয়া থাকে, আমাদের হিলিংবামও এ বিষয়ে ছাড় পায় নাই। জাল হিলিংবাম ছাড়া অনেক "বাম" আজ কাল বাজারে দেখা দিয়াছেন। এই সকল অসার ঔষধ হইতে সাবধান হইবেন।

মেহ রোগ কি, তাহা বোধ হয় সকলেই জানেন। প্রধানতঃ মেহের উপসর্গ এইগুলি—প্রস্রাবের জ্বালা যন্ত্রণা, প্রস্রাব সরল না হওয়া, বার বার বেগ হওয়া, কিন্তু প্রস্রাব খোলসা না হইয়া মূত্রনালী টন্ টন্ করা, রক্ত পূঁজ যুক্ত খড়িগোলার মত বা ঘোলা প্রস্রাব হওয়া, কাপড়ে সাদা সাদা দাগ লাগা, মাথাধরা, মাথাঘোরা, অরুচি, কাজে মন না লাগা, কোষ্ঠ কাঠিন্য হাত-পা-গা টাটান, গাঁট কন্ কন্ করা, কিছু মনে না থাকা, রাত্রে ভাল ঘুম না হওয়া, অল্প উত্তেজনায় এমন কি স্পর্শমাত্র বা কোষ্ঠ ত্যাগকালে ধাতুক্ষয়, স্বপ্নদোষ, আংশিক পুরুষত্বহানি ইত্যাদি। হিলিংবাম যে কত শত সহস্র প্রশংসা পত্র পাইয়াছে তাহা শুনিয়া শেষ করা যায় না। ধনী নির্ধন স্ত্রী পুরুষ সকলেই ঔষধের অত্যাশ্চর্য্য উপকারিতা দেখিয়া প্রশংসা করিতে বাধ্য হইয়াছেন। কিন্তু এ সকল বাদ দিলেও নিম্নে দেখুন কত বড় বড় ডাক্তার প্রশংসা করিয়াছেন।

### কেবল কয়েকজন ডাক্তারের নাম।

(১) কর্ণেল কে, পি, গুপ্ত, (আই, এম, এস,) এম, এ, এম, ডি,—এফ, আর, সি, এস—পি, এস, ডি—এস, এম, সি; (২) মেজর বি কে, বসু—(আই, এম, এস,) এম, ডি, সি, এম; (৩) মেজর এন, পি, সিংহ, (আই, এম, এস,) এম, আর, সি, পি এম, আর, সি, এস; (৪) ডাঃ এন, চক্রবর্ত্তী এম, ডি; (৫) ডাঃ ইউ, গুপ্ত এম, ডি; (৬) ই, এস, পুষ্ক এম, ডি, (৭) আর মনিয়ার এম, বি, সি, এম; (৮) ডাঃ টি, ইউ, আমেদ এম, বি, সি, এম, এল, এস, এ; (৯) ডাঃ এ, ফারমী, এল, আর, সি, পি, এণ্ড এস; (১০) ডাঃ জি, সি, বেজবড়ুয়া; এল, আর, সি, পি, এল, এফ, পি; (১১) ডাঃ আর, জি, কর, এল, আর, [illegible] পি, এণ্ড এস ইত্যাদি।

হিলিংবাম সমস্ত ডাক্তারখানায় বিক্রয় হয়।

মূল্য বড় শিশি ২।০; ছোট শিশি ১৸০; ভিঃ পিঃতে প্যাকিং ডাক খরচাদি স্বতন্ত্র।

**আর, লগিন্ এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

প্রতিযোগিতার ফলে

ডাঃ নন্দলাল পালের রঘুনাথগঞ্জ ঔষধালয়ে

সোডা লেমনেডের

হরির লূঠ!

সোডা প্রতি বড় বোতল

এক পয়সা।

লিমনেড, জিন্‌জারেড, রোজেট, অরেন্‌জেড পাইন-এপল, আইসক্রিম সোডা প্রভৃতি সুমিষ্ট জল প্রতি বড় বোতল

দুই পয়সা মাত্র।

সস্তা বলিয়া জিনিস খারাপ করা হয় নাই। পূর্ব্ববৎ প্রণালীতে পূর্ব্ববৎ মসলা দিয়া প্রস্তুত হইতেছে।

শ্রীঅবিনাশচন্দ্র পাল,

রঘুনাথগঞ্জ।

সর্ব্বেভ্যঃ শ্রেয়েভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

২৮এ আশ্বিন বুধবার, ১৩২৬ সাল।

## বিজয়ার আলিঙ্গন।

দুই সপ্তাহের অবকাশের পর আমরা গুরুজনকে প্রণাম, বন্ধুগণকে নমস্কার, স্নেহাস্পদগণকে আশীর্ব্বাদ ও মুসলমান বন্ধুগণকে সেলাম করিয়া পুনরায় কার্য্যক্ষেত্রে অবতীর্ণ হইলাম।

## বিদায় ও আবাহন।

শ্রীযুক্ত লালবিহারী দাস মহাশয়ের জঙ্গিপুর মহকুমার কার্য্যকাল শেষ হওয়ায় শ্রীযুক্ত বাবু জ্ঞানদাপ্রসাদ ঘোষ মহাশয় মহকুমার কার্য্যভার গ্রহণ করিয়াছেন। আমরা লালবিহারী বাবুকে সসম্মানে বিদায় দিয়া জ্ঞানদা বাবুকে সাদরে আহ্বান করিতেছি। খোলা কাছারীর দিন হইতে জ্ঞানদা বাবু কার্য্য আরম্ভ করিয়াছেন। অয়মারম্ভঃ শুভায় ভবতু। লালবিহারী বাবু গত তিন বৎসর এই ম্যালেরিয়ার লীলাক্ষেত্র জঙ্গিপুরে সুস্থাবস্থায় থাকিয়া যাইবার সময় সপরিবারে পীড়িত হইয়া কলিকাতা যাত্রা করিয়াছেন। ঈশ্বর তাঁহাকে শীঘ্র নিরাময় করুন এবং আমাদের নূতন সবডিভিসনাল অফিসারের স্বাস্থ্য অক্ষুন্ন রাখুন ইহাই প্রার্থনা।

## দেশের দশা।

আশ্বিন মাসের প্রথমে চাউলের দর টাকায় /৪ চারি সের পর্য্যন্ত হইয়াছিল। জঙ্গিপুর হইতে রপ্তানি বন্ধ হওয়ায় পর বর্ত্তমান সময়ে চাউলের দর পুরাতন /৬ সের, নূতন /৬॥ সের, ভাদুই চাউল /৬৸ পৌনে সাত সের পর্য্যন্ত পাওয়া যাইতেছে। ৺পূজার পর কাপড় সস্তা হইবে বলিয়া গুজব রটিয়াছিল কিন্তু আবার শোনা যাইতেছে যে দুই এক পয়সা চড়িয়াছে। এমন বাড়ী খুব কম যে বাড়ীতে দুই একটী রোগী নাই। তবে ম্যালেরিয়ার প্রকোপ গত বৎসর অপেক্ষা এখনও কম বলিয়া বোধ হইতেছে। ইন্‌ফ্লুয়েঞ্জা ও নিউমোনিয়া রোগীও দুই একটী দেখা যাইতেছে। হৈমন্তিক ধান্য গাছ পাতে মন্দ নহে। এবার বাগড়ী জমিতে অন্যান্য রবি শস্য অপেক্ষা কলাই আবাদ বেশী হইয়াছে

## হৃদয় বিদারক দৃশ্য।

একটী পল্লীবাসিনী ইতর জাতীয়া ভিখারিণী তিনটী কঙ্কালসার শিশু সন্তান লইয়া কিছুদিন হইতে রঘুনাথগঞ্জে ভিক্ষা করিয়া বেড়াইত। তাহার দেহের অস্থি কয়খানি গণিতে পারা যাইত। আমাদের মহকুমার ভূতপূর্ব্ব ম্যাজিষ্ট্রেট বাবু লালবিহারী দাস মহাশয় তাহার এবম্বিধ অবস্থা দেখিয়া প্রত্যহ /১ সের হিসাবে সরু পুরাতন চাউল ও কোলের শিশুটীর জন্য সাগু ও মিছরীর বন্দোবস্ত করিয়া দিয়া যান। তাহার একটী কন্যা মায়ের বোঝা কমাইয়া ইহলীলা সম্বরণ করে। একে ভিখারিণী তাহাতে ইতর জাতীয়া; আমাদের গর্ব্বিত হিন্দু সমাজে এমন নীচ কে আছে যে এই শোকাতুরা রমণীর ক্রোড় হইতে সন্তানটিকে লইয়া গঙ্গা সমর্পণ করে। শেষে হতভাগিনীকে নিজেই তাহার বক্ষের ধনকে লইয়া গিয়া জাহ্নবী গর্ভে নিক্ষেপ করিতে হইয়াছে। শৈব্যার অভিনয় দেখিয়া দর্শক অশ্রু সম্বরণ করিতে পারে না আর এই প্রকৃত ঘটনা দেখিয়া একটুও বিচলিত হয় না।

## মহাপ্রলয়ে পূর্ব্ববঙ্গ।

### দেশবাসীর কর্ত্তব্য।

যখন নিরীহ পল্লীবাসীর উদরে অন্ন নাই, পরিধানে বস্ত্র নাই; কেবল মাত্র জীর্ণ কুটীর খানিতে বসিয়া থাকিয়া হতভাগ্যগণ "শেষের সে দিনে"র প্রতীক্ষায় নিমেষ গুণিতেছিল এমন সময় কালের প্রলয় নিঃশ্বাসে তাহাদিগের আশ্রয়টুকু পর্য্যন্ত ভূমিসাৎ হইয়া গেল! নিরন্নের ক্ষুৎ-পিপাসা, বিবস্ত্রের লজ্জা সঙ্কোচ ক্ষুদ্র কুটীরের অভ্যন্তরে যে টুকু মৌনভাবে লুক্কাইত ছিল, বিধাতা স্বয়ং আজ তাহা উন্মুক্ত করিয়া দিয়া আমাদিগের অন্ধ নেত্রের সম্মুখে উপস্থিত করিলেন! আজ আর কোনও আবরণ নাই, কুহেলিকার মত কিছু অস্পষ্ট নাই,—সব পরিষ্কার স্পষ্ট। দুর্গতি আজ মূর্ত্তিমতী।

ইহাকে তোমরা বিধাতার অভিশাপ বলিয়া সর্ব্বমঙ্গলময়ের পবিত্র নামে অনর্থক দোষারোপ করিও না। নির্ব্বোধ ছাত্রের জন্য শিক্ষক এবার বেত্রদণ্ডের ব্যবস্থা করিয়াছেন। দণ্ড গুরুতর হইলেও, উদ্দেশ্য মহৎ। আজ দেখিব এই পরীক্ষা কেন্দ্রে কে কি ভাবে গুণের পরিচয় দিতেছেন। সহোদর সহোদরের জন্য কতক্ষণ কাঁদিতেছে। সে ক্রন্দন রোল সহরের সৌধেই মিলাইয়া যাইতেছে, না, আপনের প্রান্তর পর্য্যন্ত পৌঁছিতেছে!

চাই প্রাণ। প্রাণ দিয়া প্রাণ বাঁচাইতে হইবে। দামোদরের বন্যায় তোমাদের প্রাণের পরিচয় পাইয়াছি। এবারেও চাই সেই প্রাণ। সেই মহাপ্রাণ সমুদায় অভাব—সে অভাব যতই ভীষণ হউক না কেন—মুহূর্ত্তে দূর করিতে পারিবে। আজ একবার দেখ ভাই, আজ তোমাদের বিলাস-ভবন তোমাদের আরাম কেদারা হইতেই এই হতভাগ্যদের প্রতি একবার চাহিয়া দেখ। মহামান্য গবর্ণর বাহাদুর আজ এই দুর্গতি-মোচনের জন্য তোমাদের নিকট অর্থ প্রার্থনা করিয়াছেন, শ্রীরামকৃষ্ণ মিশনের মহাপ্রাণ সন্ন্যাসীগণ তোমাদের দ্বারদেশে ভিক্ষাপাত্র লইয়া দণ্ডায়মান,—দাও ভাই, উন্মুক্ত প্রাণে তাঁহাদের পাত্র পূর্ণ করিয়া দাও। তোমার একটি কপর্দ্দককে তুচ্ছ ভাবিও না। তোমার ক্ষুদ্রতম দান অন্ততঃ একটি অশ্রুবিন্দুও মুছিতে পারিবে।

## নীলামের ইস্তাহার।

চৌকী জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত।

নিলামের দিন ১৮ই নভেম্বর ১৯১৯।

নিম্নলিখিত নম্বরগুলির ডিক্রীদার মহারাজ স্যর মণীন্দ্রচন্দ্র নন্দী কে, সি, আই, ই।

৫৪৯ থাং দেং উপেন্দ্রনাথ পাল দিং দাবি ৬৹৵/১৭॥ পং ফকুনপুর মৌজে তোকিরকুলি দেয়াড় ১৮৵ কাত ১৮৶/১০ আঃ ৩০৲

৫৫১ থাং দেং মকশুদ আলি বিশ্বাস দাবি ৫২৵/১৯৸ পংঐ মৌজে বলরামপুর ১৯।২৸ কাত ১৫॥৵/৯॥ আঃ ৪০৲

৫৫২ থাং দেং এব্রাহিম সেখ দাবি ১৩৲১০ পং ঐ মৌজে ভবানীপুর ২।০॥ কাত ২।১৫ আঃ ৫৲

৫৫৩ থাং দেং জিয়ারুদ্দী সেখ দাবি ৮৸৶/১০ পরগনাদি ঐ ॥০ কাত ১৲ আঃ ২৲

৫৫৪ থাং দেং নকসতুল্যা সর্দ্দার দিং দাবি ১৯৶/১০ পরগনাদি ঐ ৪॥০ কাত ৫/০ আঃ ১০৲

৫৫৫ থাং দেং দয়ারাম মণ্ডল দাবি ২৪॥৶/২॥ পং ফকুনপুর মৌজে তোকিরকুলি ৬।১ কাত ৬।১৫ আঃ ১৫৲

৫৫৬ থাং দেং কুঞ্জলাল মণ্ডল দাবি ১০।৭ পরগনাদি ঐ ২৷০ কাত ২৷০ আঃ ৪৲

৫৫৮ থাং দেং এবরাহিম মণ্ডল দিং দাবি ২২৸৬ পরগনাদি ঐ ৭৷৵ কাত ৭৲ আঃ ১২৲

৫৬২ থাং দেং কৃষ্ণলাল মণ্ডল দাবি ২১৸৶/১৫ পরগনাদি ঐ ৪৸২ কাত ৪৸/১২ আঃ ১০৲

৫৬৩ থাং দেং কুঞ্জলাল মণ্ডল নাঃ পক্ষে অলি মাতা জয়

## আতঙ্কনিগ্রহ ঔষধালয়ের আয়ুর্ব্বেদীয় অমূল্য উপদেশ

সর্ব্বমন্যং পরিত্যজ্য শরীরমনুপালয়েৎ।
তদভাবেহি ভাবানাং সর্ব্বাভাবঃ শরীরিনাম্ ॥ ১ ;

চরক সংহিতা

অর্থ—অন্য সকল পরিত্যাগ করিয়া শরীর পালন করা কর্ত্তব্য শরীরের অভাবে জীবদিগের সকলেরই অভাব হয়।

স্বাস্থ্য সম্বন্ধীয় পুস্তক।
৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ।

আবেদন করুন।
কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী।
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

বিনামূল্যে এবং বিনা ডাক মাশুলে

| | |
|---|---|
| ১—দীর্ঘায়ু<br>২—স্বাস্থ্য<br>৩—শক্তি | এই তিনটী জিনিস<br>লাভ করিবার প্রকৃত উপায়— |

## আতঙ্ক-নিগ্রহ বটিকা।

শক্তিহীনকে শক্তিশালী করিয়া, আত্মকৃত কু-অভ্যাস জনিত ভগ্নস্বাস্থ্য ও জীবনে হতাশ ব্যক্তিদিগকে স্বাস্থ্য ও নব জীবন দান করিয়া ভৈষজ্য জগতে শ্রেষ্ঠ স্থান অধিকার ও পৃথিবী ব্যাপী অতুল কীর্ত্তি অর্জ্জন করিয়াছে এই বটিকা রক্ত পরিষ্কার করে, কোষ্ঠ কাঠিন্য দূর করে, পরিপাক শক্তি বৃদ্ধি করে, স্বপ্নদোষ, প্রস্রাবের সহিত ধাতুস্রাব, বন্ধ্যাত্ব দোষ এবং সর্ব্ব প্রকারের দুর্ব্বলতা দূর করিয়া স্বাস্থ্য, শক্তি, দীর্ঘায়ু দান করিয়াছে।

৩২ বটিকাপূর্ণ ১ কৌটার মূল্য ১৲ এক টাকা মাত্র। একত্রে অধিক টাকার ঔষধ ক্রয় করার কমিশন ও উপহারের বিষয় জানিবার নিমিত্ত মূল্য নিরূপণ পুস্তিকার জন্য আবেদন করুন।

কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বৌবাজারষ্ট্রীট, কলিকাতা

## অতি সস্তার

কুহকে মজিয়া স্বাস্থ্য ও অর্থ নষ্ট করিবার পূর্ব্বে আমাদের বিশুদ্ধ আয়ুর্ব্বেদীয় ঔষধ ব্যবহার করুন। শ্বাস কাসের মহৌষধ চ্যবনপ্রাশ /১ সের ৬৲ সাধারণ মকরধ্বজ ১ ভরি ৮৲ হিঙ্গুলোথ পারদযোগে প্রস্তুত মকরধ্বজ ১ ভরি ১৬৲ ধাতুদৌর্ব্বল্য অগ্নিমান্দ্য ও সূতিকায় "জীবনীয় রসায়ন" ইহা অল্পমেধা ছাত্র, প্রসুতি ও দুর্ব্বলের একমাত্র সহায়। মূল্য ২০ মাত্রা ১ শিশি ১৲ হাঁপানীর "বাসারিষ্ট ও কনকাসব" ১ মাত্রা সেবনেই হাঁপ কষ্ট কমিবে। মূল্য ১ শিশি ৸০ ও ॥০ আনা। প্রদরের অশোকারিষ্ট, ক্ষয় ও কাসের দ্রাক্ষারিষ্ট, বাতরক্ত, কুষ্ঠ, উপদংশ ও সকলপ্রকার রক্ত দুষ্টির অনন্তারিষ্ট ১ বোতল ১৷৷০ প্রমেহের চন্দনারিষ্ট ও চন্দনাদি চূর্ণ ১ দিনেই জ্বালা যন্ত্রণা ও পূয নির্গমন কমিবে। একত্রে ১৪ দিন সেবনোপযোগী ২৲ অগ্নিমান্দ্যে ভাস্কর লবণ /০ ছটাক ॥৵০ অগ্নিমান্দ্যে গঙ্গাধরী পাচক ১ কৌটা ১৫ বটী ।০ ইহা অগ্নিবর্দ্ধক অরুচি নাশক। কোষ্ঠ বদ্ধে গঙ্গাধরী রেচক বা দ্রাক্ষাদি ১ কৌটা ৯ বটী ।/০ ইহাতে আমবাত, কোমরের ব্যথা, পুরাতন জ্বর, গুল্ম ও শূল প্রভৃতি আরোগ্য হয়। রাত্রে শয়নের পূর্ব্বে সেবনে সকালে কোষ্ঠ শুদ্ধ হয়। দন্ত মজ্জন ১ কৌটা ৵০। দাদের মলম ১ কৌটা ।০ আনা। অন্যান্য ঔষধ ও জারিত ধাতু দ্রব্য সুবিধা হয়। পরীক্ষা প্রার্থনীয়। পাইকার ও ছাত্রদিগকে সুবিধায় দেওয়া হয়।

সুপ্রসিদ্ধ কবিরাজ রাজেন্দ্রনারায়ণ সেন মহাশয়ের ভাগিনেয় ও ছাত্র আয়ুর্ব্বেদীয় পরীক্ষায় সর্ব্বোচ্চ পদকপ্রাপ্ত
**কবিরাজ শ্রীবিভূতিভূষণ গুপ্ত কবিরঞ্জন, গয়া।**

আমাদের নিকট চাঁদী, সোনা গিনি উচিত মূল্যে পাওয়া যায়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে।
জঙ্গিপুর সাহেব বাজার (মুর্শিদাবাদ)

# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে। আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের ভত্ত্বে, বর-কনের সাবঙ্গাত্রর জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহকক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৸০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ৷৶০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১৷৴০ এক টাকা পাঁচ আনা।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১৷০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৶০ এক টাকা তিন আনা।

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, জীর্ণকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

## মিল্‌ক অব্‌ রোজ।

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায়। ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয়। মূল্য বড় শিশি ৷৷০ আট আনা, মাশুলাদি ।৵০ সাত আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

**কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।**
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৯১২ নং লোয়ার চিৎপুর রোড, ট্রেটিবাজার, কলিকাতা।

## বিজ্ঞাপন।

আমাদের দোকানে নানাবিধ বোম্বাই সাড়ী পার্শি সাড়ী, মির্জ্জাপুরি রেশমি বস্ত্র, মটকা, দেশী বিলাতী কাপড় খাগড়ার বাসন অতি অল্প মুনফায় বিক্রয় করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে শ্রীবিভূতিভুষণ দে।
রঘুনাথগঞ্জ চাউল পটীজঙ্গিপুর, (মুর্শিদাবাদ)

ডাঃ এন, এল, পালের
## সুদর্শন সার।
(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র।)

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ৷৷৵০ দশ আনা।

ডাঃ নন্দলাল পাল
রঘুনাথগঞ্জ